



রাংগুনিয়া সরকারি কলেজ

স্থাপিত : ১৯৬৩খ্রি.

রাংগুনিয়া, চট্টগ্রাম-৪৩৬০।

অধ্যক্ষের কার্যালয়



Website: www.ranguniacollege.edu.bd , E-mail: info@ranguniacollege.edu.bd

নং-২০২১/০০৫৩

তারিখ : ০৫ সেপ্টেম্বর, ২০২১খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের [২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থী] ৮ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়া সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির বিভিন্ন বিভাগের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে পুরোপুরি সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য এনসিটিবি কর্তৃক প্রণীত অ্যাসাইনমেন্ট কার্যক্রম ১৪ জুন, ২০২১ খ্রি. থেকে শুরু হয়েছে। এরই অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট গ্রীড অনুযায়ী ৮ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট মূল্যায়ন রুব্রিক্সসহ অদ্য ০৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখে প্রকাশ করা হয়েছে। ৮ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট কার্যক্রম ০৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. সোমবার থেকে শুরু হবে। অ্যাসাইনমেন্ট কলেজ অফিস-এর পাশাপাশি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর ওয়েবসাইট www.dshe.gov.bd, কলেজের ওয়েবসাইট ও রাংগুনিয়া সরকারি কলেজ অফিসিয়াল ফেসবুক পেইজ-এ উপরের লিংকে ক্লিক করেও সংগ্রহ করা যাবে।

করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে পালনপূর্বক [মাস্ক পরিধান, নির্দিষ্ট দূরত্ব বজায় রাখা, হ্যান্ড স্যানিটাইজ করা ইত্যাদি] নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী কলেজে এসে স্ব স্ব বিভাগের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের নিকট বর্ণিত বিষয়ের অ্যাসাইনমেন্ট বাধ্যতামূলক জমা দেওয়ার জন্য পরামর্শ দেয়া হলো।

৮ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার সময়সূচি

তারিখ	সময়	বিভাগ	বিষয়, পত্র ও অ্যাসাইনমেন্ট নং
১২-০৯-২০২১ রবিবার	দুপুর ১.০০ টা থেকে ২.৩০ টা	মানবিক	বাংলা ২য় পত্র (৪) বিষয় কোড : ১০২
		বিজ্ঞান	জীববিজ্ঞান ২য় পত্র (২) বিষয় কোড : ১৭৯
১৩-০৯-২০২১ সোমবার	দুপুর ১.০০ টা থেকে ২.০০ টা	ব্যবসায় শিক্ষা	বাংলা ২য় পত্র (৪)
	দুপুর ২.০০ টা থেকে ৩.০০ টা	বিজ্ঞান	বিষয় কোড : ১০২

বি.দ্র. : শিক্ষার্থীদের কলেজ অফিস চলাকালীন সময়ে আগামী ২০ সেপ্টেম্বর, ২০২১খ্রি. তারিখের মধ্যে অফিসে যোগাযোগ করে সমুদয় বকেয়া টিউশন ফি পরিশোধ করে কলেজের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশ দেওয়া গেল।

(এ. কে. এম. সুজা উদ্দীন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।